

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৫৮(আগরতলা ২৫।০৫)

কুমারঘাট, ২৫ মে, ২০২৩

ফটিকরায় রাজ্যভিত্তিক অনূর্ধ্ব-১৭ কাবাডি প্রতিযোগিতার উদ্বোধন
ক্রীড়াক্ষেত্রের মানোন্নয়নে সরকার অগ্রাধিকার দিয়েছে : তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী

রাজ্য সরকার ক্রীড়াক্ষেত্রের মানোন্নয়নে অগ্রাধিকার দিয়েছে। রাজ্যে গড়ে তোলা হচ্ছে উন্নত ক্রীড়া পরিকাঠামো। ছাত্র ও যুব সমাজকে সমাজের অন্যান্য ইতিবাচক কাজের সাথে যুক্ত থাকার পাশাপাশি খেলাধুলার সাথে যুক্ত হতে হবে। ফটিকরায় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে আজ তিনদিনব্যাপী রাজ্যভিত্তিক অনূর্ধ্ব-১৭ বালক ও বালিকা বিভাগে কাবাডি প্রতিযোগিতার উদ্বোধন করে তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ড আয়োজিত রাজ্যভিত্তিক কাবাডি প্রতিযোগিতায় রাজ্যের ৮টি জেলা থেকে বালক ও বালিকা বিভাগে মোট ১৬টি দল অংশগ্রহণ করেছে।

উদ্বোধনী অনুষ্ঠানে তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস ফটিকরায় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে রাজ্যভিত্তিক কাবাডি প্রতিযোগিতার আয়োজন করায় উদ্যোক্তাদের ধন্যবাদ জানান। তিনি বলেন, বিদ্যালয়স্তরে ক্রীড়া প্রতিযোগিতার মাধ্যমে প্রতিভাবান খেলোয়াড়দের তুলে আনা সম্ভব হয়। খেলাধুলায় জয় লাভের জন্য যেমন পরিকল্পনা, পরিশ্রম, নিষ্ঠা ও অধ্যবসায় থাকতে হয় তেমনি জীবনে প্রতিষ্ঠিত হতে গেলেও এই গুণগুলি থাকতে হবে। জীবনে চলার পথে অনেক সমস্যা আসবে। বুদ্ধিমত্তার সাথে সমস্যার মোকাবিলা করতে হবে। তবেই সাফল্য আসবে।

অনুষ্ঠানে ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের পতাকা উত্তোলন করেন মন্ত্রী সুধাংশু দাস। একই সাথে ৮টি জেলার পতাকাও উত্তোলিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতী দাস, ফটিকরায় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক অনুপ কুমার ধর, সমাজসেবী পবিত্র দেবনাথ, সমাজসেবী অনিমেস সিনহা, সমাজসেবী কার্তিক দাস প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফটিকরায় গ্রাম পঞ্চায়েতের প্রধান রাজীব দাস। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডিস্ট্রিক্ট ইয়ুথ প্রোগ্রাম অফিসার অর্জুন দেবনাথ। প্রতিযোগিতার উদ্বোধনী ম্যাচে আজ বালক বিভাগে খোয়াই ও পশ্চিম ত্রিপুরা জেলা এবং বালিকা বিভাগে গোমতী ও উত্তর ত্রিপুরা জেলা প্রতিদ্বন্দিতা করেছে।
